

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১১১

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৫) আল্লাহ তা'আলার সন্তোষটি ব্যতীত অন্য উদ্দেশ্যে জ্ঞানার্জনের প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من تعلم العلم لغير وجه الله تعالى

## আরবী

) (صحيح لغيره موقوف) وَعَنْ ابن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ قال: كَيْفَ بِكُمْ إِذَا لَبِسَتْكُمْ فِيهَا الْكَبِيرُ، وتُتَّخَذُ سُنَّةُ فَإِنْ غَيَّرْتَ يَوْماً قِيْلَ هَذَا مُنْكَرُ قِيْلًا: وَمَتَى ذَاكَ؟ قَالَ: إِذَا وَقَلَّتْ أُمَنَا وُكُمْ وَكَثُرَتْ أُمَرَا وُكُمْ وَقَلَّتْ فُقَهَا وُكُمْ وَكَثُرَتْ قُرَاوُكُمْ وَقَلَّتْ فُقَهَا وَكُمْ وَكَثُرَتْ قُرَاوُكُمْ وَقَلَّتْ فُقَهَا وَكُمْ وَكَثُرَتْ قُرَاوُكُمْ وَقَلَّت فُقها وَكُمْ وَكَثُرَتْ قُرَاوُكُمْ وَقَلَّت فُقها وَكُمْ وَكَثُرَتْ قُرَاوُكُمْ وَقَلَّت فُقها وَكُمْ وَكَثُرَت قُرَاوُكُمْ وَقَلَت فُقها وَكُمْ وَكَثُرَت مُسَتِ الدُّنْيَا بِعَمَلِ الآخِرَةِ. رواه عبد الرزاق في كتابه موقوفا

## বাংলা

১১১. (সহীহ্ লি গাইরিহী মাওকূফ) ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ

"তখন তোমাদের অবস্থা কেমন হবে যখন ফিতনা তোমাদেরকে ঘিরে ধরবে। ওর মধ্যেই ছোটরা লালিত-পালিত হবে, বড়রা বৃদ্ধ হবে। আর ওটাকেই (ঐ ফিতনাকেই) সুন্নাত হিসেবে গ্রহণ করা হবে। কোন দিন যদি তা পরিবর্তন (ঐ ফিতনাকে উৎখাত) করা হয়, তখন বলা হবে এটা গর্হিত কাজ।

তাঁকে প্রশ্ন করা হল, কখন এরূপ হবে?

তিনি বললেনঃ যখন তোমাদের মাঝে বিশ্বস্থ (আমনতদার) লোকের সংখ্যা কম হবে, নেতৃবৃন্দের সংখ্যা বেশী হবে। ফিকাহবীদের সংখ্যা কম হবে এবং কারীদের সংখ্যা বেশী হবে। আর দ্বীনের উদ্দেশ্য ব্যতীত অন্য উদ্দেশ্যে জ্ঞানার্জন করা হবে। আখেরাতের আমল দ্বারা দুনিয়ার (সম্পদ) অনুসন্ধান করা হবে।"

(আবদুর্ রাজ্জাক [মুসান্নাফ গ্রন্থে] মাওকৃফ সূত্রে বর্ণনা করেছেন ১১/৩৫৯)[1]

## ফুটনোট



[1] . হাদীছটি আরো বর্ণনা করেছেন দারেমী, হা/১৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন